



আমার স্বপ্ন ক্রিকেট

□ অমর দাস

অষ্টম শ্রেণি, গ - শাখা, রোল নং - ৬

শচিন, মাহি, গৌতম, যুবরাজ,
কাঁপিয়ে দিয়েছে এরা বিশ্বকে আজ।
সারা বিশ্ব এদের করে যে সেলাম,
মায়েরা বলেন শুধু হায়, হায় গেলাম!
ছেলেটা ক্রিকেট দেখে করে দিন নষ্ট,
এই ভেবেই আমার মায়ের বাড়ে শুধু কষ্ট।
মনে মনে মাকে বলি, দুঃখ করো না আর,
একদিন আমিও হব ক্রিকেট স্টার।
পরীক্ষা কাছে এলে বাড়ে শুধু পড়া,
পড়ার চাপে ক্রিকেট থেকে যায় অধরা।
ছুটির দিনগুলোতে মারি আমি ছক্কা,
ভাবি শুধু ক্রিকেট স্টার - এ কথাই পাক্কা।

প্রজাপতি

□ রিয়া চৌধুরী

ষষ্ঠ শ্রেণি, ক - শাখা, রোল নং - ১৭

প্রজাপতি

প্রজাপতি

মেলো শুধু পাখনা

রঙ বাহারি

পাখার খেলা

আছে আমার জানা।

ফুলে ফুলে

উড়ে বেড়াও,

ঘুরে ঘুরে কি সুখ পাও?

যদি আমার

বন্ধুত্ব চাও,

নিও আমার ঠিকানা।

রেওয়াজ

□ অর্পিতা দত্ত

নবম শ্রেণি, ক - শাখা

নাক ডাকিয়ে ঘুমোচ্ছিলাম
শীত শীত ছিল রাতটা
এমন সময় বিকট শব্দে
উঠল কেঁপে ছাদটা।

ঘরটা হঠাৎ উঠল নড়ে

ভাঙল ঘুমের চটকা,

ভাবছি মনে পড়ল ডাকাত

কিংবা ফাটল পটকা।

প্রাণ কাঁপানো আওয়াজ শুনে

উঠল কেঁপে বুক।

জড়িয়ে ধরি মাকে ভয়ে,

ঘুচল ঘুমের সুখ।

মা হেসে বলে ভয় পাস না

নয়কো বোমার আওয়াজ।

পাশের বাড়ির ফাটাকেঁপে

করছে গানের রেওয়াজ।